

উপস্থিত :-

মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ

আদেশ নং-২২

অদ্য সোলেনামা বিষয়ে আদেশের জন্য দিন ধার্য আছে।

তারিখ- ২৬/০২/২০২৩ ইং

বাদীপক্ষ আদালতে উপস্থিত।

বাদী ও ২-৪ নং বিবাদীর মধ্যকার বিগত ২৮/০৮/২০২২ খ্রি: তারিখে  
এফিডেভিট সহযোগে একখানা সোলেনামা দাখিল করেছেন। যা নথিতে সামিল  
পাওয়া গিয়াছে।

অতপর নথি সোলেনামা বিষয়ে আদেশের জন্য নেওয়া হলো।

দাখিলী সোলেনামা সহ রেকর্ড পর্যালোচনা করলাম।

বাদীপক্ষের বিজ্ঞ কৌসুলি নিবেদন করেন যে, অত্র মামলা চলাবস্থায় উভয়পক্ষের  
মধ্যকার তর্কিত বিষয় স্থানীয়ভাবে আপোষ মীমাংশা হয়েছে। এখন উভয়পক্ষ  
তাহাদের মধ্যকার সম্পাদিত সোলেনামা অনুসারে অত্র মামলার ডিক্রিমূলে  
নিষ্পত্তির প্রার্থনা করেন।

বিবাদীপক্ষের বিজ্ঞ কৌসুলি উভয়পক্ষের মধ্যকার আপোষ মীমাংসার বিষয়টি  
স্বীকার করেছেন এবং বিবাদীপক্ষ কথিত সোলেনামায় স্বেচ্ছায় ও স্বজ্ঞানে স্বাক্ষর  
করেছেন মর্মে জানিয়েছেন। বাদীপক্ষে ১ নং বাদী মোহাম্মদ আজাদ সোলেনামার  
সমর্থনে PW-1 হিসাবে জবানবন্দি প্রদান করেছেন। বিবাদীপক্ষ তাকে কোন  
জেরা করেননি। একইভাবে, ২-৪ নং বিবাদীপক্ষে ২ নং বিবাদী শওকত আলী  
সবার পক্ষে সোলেনামার সমর্থনে DW-1 হিসাবে জবানবন্দি প্রদান করেছেন।  
বাদীপক্ষ তাকে কোন জেরা করেননি।

উভয়পক্ষ কর্তৃক সম্পাদিত গত ২৮/০৮/২০২২ খ্রি: তারিখের সোলেনামা  
পর্যালোচনা করলাম। সোলেনামায় বর্ণিত আপোষের শর্তসমূহ সুষ্ঠু, বৈধ,  
বাধ্যকর ও কার্যকর মর্মে প্রতীয়মান হয়েছে। আরো প্রতীয়মান হয়েছে যে,  
উভয়পক্ষ স্বেচ্ছায় অত্র মামলা আপোষে নিষ্পত্তির ইচ্ছা প্রকাশ করেছে এবং  
দাখিলীয় ঘোলেনামা উভয়ের মধ্যেকার বৈধ সমোষ্ঠারই প্রতিফলন। সার্বিক  
বিবেচনায় দাখিলী সোলেনামা অত্র আদালত কর্তৃক গৃহীত হলো। প্রতীয়মান হয়  
যে, অত্র মোকদ্দমা সোলেনুত্রে নিষ্পত্তিযোগ্য।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

দলিল সংশোধন ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ২-৪ নং বিবাদীপক্ষের  
বিরুদ্ধে সোলেসুত্রে এবং অপরাপর বিবাদীর বিরুদ্ধে এক তরফাসুত্রে  
সোলেনামার শর্ত মোতাবেক বিনা খরচায় ডিক্রী প্রদান করা হলো। দাখিলী  
২৮/০৮/২০২২ ইং তারিখের সোলেনামা অত্র ডিক্রীর একাংশ গন্য করা হলো।

এতদ্বারা দাতা জামানা খাতুন কর্তৃক গ্রহীতা বাদী মোহাম্মদ আজাদ ও তাদের  
পূর্ববর্তী মোছাম্মৎ নূরলাহার বেগম এর অনুকূলে সম্পাদিত পটিয়া সাব-রেজিস্ট্রি  
অফিস, চট্টগ্রাম গত ০৭/০৫/২০০০ খ্রি তারিখে রেজিস্ট্রিকৃত ২৭৩৩ নম্বর  
বিক্রয় কবলা দলিলের তফসিলে সোলেনামার শর্তমতে ২ নং তফসিলে “১২৬”  
অংক কর্তনে তৎস্থলে “৮৪০” অংক লিপি এবং ৭১৩ অংকের পর “/৮৪০”  
অংক সংযোজন এবং বি এস ১৪৬৪/১৪৬৫ অংকের পর “/১৪৬৫” অংক  
সংযোজন ক্রমে উক্ত মূল দলিল সংশোধন করার (বাদীপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট সাব-  
রেজিস্ট্রারের নিকট উপস্থাপন সাপেক্ষে) এবং তৎকারণে উক্ত দলিল সংশ্লিষ্ট  
ভলিয়মের সংশ্লিষ্ট পৃষ্ঠায় প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করার জন্য জেলা  
রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম কে নির্দেশ দেওয়া হলো।

আরজীর সত্যায়িত ফটোকপিসহ অত্র ডিক্রির অনুলিপি অবগতি ও কার্যার্থে জেলা  
রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম এবং পটিয়া সাব-রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম,  
বরাবর প্রেরণ করা হোক।

আমার স্বহস্তে লিখিত ও সংশোধিত

মোঃ হাসান জামান  
সিনিয়র সহকারী জজ  
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,  
পটিয়া, চট্টগ্রাম

মোঃ হাসান জামান  
সিনিয়র সহকারী জজ  
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত  
পটিয়া, চট্টগ্রাম।